



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩
“পল্লী ভবন”



৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website: www.prdp.brdb.gov.bd

পত্র নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-৪৫০

তারিখঃ ০৪/১২/২০১৮ খ্রিঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলাঃ শিবচর
জেলাঃ মাদারীপুর।

বিষয়ঃ পিআরডিপি-৩ এর শুরু থেকে অদ্যাবধি বাস্তবায়িত স্কীমসমূহের পার্শ্বস্থ জায়গায় নামফলক স্থাপনসহ স্কীমের তালিকা ও অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহের তথ্য ও ছবি প্রেরণ।

সূত্রঃ ৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-৩৯ তারিখ- ০৫/০৭/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৩/১২/২০১৮ তারিখে প্রকল্প সদর দপ্তর হতে প্রকল্পের কার্যক্রম পরিদর্শনে গেলে দেখা যায় যে, বাস্তবায়িত স্কীমসমূহে কোন নামফলক নাই। পিআরডিপি-৩ প্রকল্পের শুরু থেকে অদ্যাবধি বাস্তবায়িত স্কীমসমূহের পার্শ্বস্থ জায়গায় নামফলক স্থাপনসহ স্কীমের তালিকা ও অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহের তথ্য ও ছবি বর্ণিত সূত্র মোতাবেক প্রেরণ করার নির্দেশনা থাকা সত্ত্বেও আপনার উপজেলা হতে অদ্যাবধি এর কোন তথ্য প্রকল্প সদর কার্যালয়ে প্রেরণ করা হয় নাই। এমনকি সরেজমিনে পরিদর্শনেও বাস্তবায়িত স্কীমসমূহে নামফলক এর কোন প্রমাণ পাওয়া যায়নি যা অত্যন্ত দুঃখজনক ও কর্তৃপক্ষের নির্দেশ অমান্যের সাক্ষ্য। তাছাড়া প্রকল্পের বাস্তবায়িত স্কীমসমূহে নাম ফলক স্থাপন না করায় প্রমাণিত হয় যে, প্রকল্প কতৃক নির্দেশিত পন্থায় এবং নীতিমালা অনুযায়ী যথাযথ স্থানে স্কীম বাস্তবায়ন হয়নি। যার দায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এড়াতে পারেন না।

এমতাবস্থায়, আগামী ১২/১২/২০১৮ তারিখের মধ্যে শুরু থেকে অদ্যাবধি বাস্তবায়িত স্কীমসমূহের পার্শ্বস্থ জায়গায় নামফলক স্থাপনসহ স্কীমের তালিকা ও অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহের তথ্য ও ছবি (সফট কপি ও হার্ড কপিসহ) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হবে।

মোঃ আবু সালেক
প্রকল্প পরিচালক

পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা।

তারিখঃ ০৪/১২/২০১৮ খ্রিঃ

পত্র নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-৪৫০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপপরিচালক, বিআরডিবি, মাদারীপুর।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। অফিস/মাষ্টার কপি।

সেখ আমিনুর ইসলাম
উপপরিচালক

পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা।